সকলের সহযোগিতায় মেহেরপুরের সমস্যা সমাধানের অঙ্গীকার এমপি তাজউদ্দীন খানের

মেহেরপুর-১ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য তাজউদ্দীন খান বলেছেন, সকলের সহযোগিতা নিয়ে মেহেরপুরের বিদ্যমান সমস্যাগুলো পর্যায়ক্রমে সমাধান করা হবে। তিনি স্পষ্টভাবে জানান, তার নাম ভাঙিয়ে কিংবা অন্যায় আবদার করে কোনো ধরনের সুবিধা নেওয়া যাবে না। পাশাপাশি তিনি মেহেরপুরকে মাদকমুক্ত জেলা হিসেবে গড়ে তোলার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

গতকাল রবিবার সকালে মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য নাজমুল হুদাকে সঙ্গে নিয়ে তিনি জেলা প্রশাসকের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় তিনি অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে জাতীয় সংসদ নির্বাচন সম্পন্ন করায় জেলা প্রশাসককে ধন্যবাদ জানান।

জেলা প্রশাসকের মিনি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ সভায় জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবীর বলেন, প্রশাসন সরকারি নির্দেশনা অনুযায়ী কাজ করে থাকে এবং সরকারি কর্মসূচি বাস্তবায়ন করাই তাদের প্রধান দায়িত্ব। তিনি দলীয় বিভাজন ভুলে সকলকে একযোগে জেলার উন্নয়নে কাজ করার আহ্বান জানান। মেহেরপুরকে একটি শান্তিপূর্ণ জেলা উল্লেখ করে তিনি এ পরিবেশ বজায় রাখতে সবার সহযোগিতা কামনা করেন। সৌজন্য সাক্ষাতে সংসদ সদস্য নাজমুল হুদাও বক্তব্য রাখেন।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম শাখাপি ইবনে সাজ্জাদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মো. আনোয়ার হোসেন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীর, খাদেজা খাতুন, আবির আনসারী, হাবিবুর রহমান, ইস্তামুল হক, জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি ইকবাল হোসেন, নায়েবে আমির মাহবুব-উল আলম, রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন, সদর উপজেলা আমির সোহেল রানা, পৌর আমির সোহেল রানা ডলার, মুজিবনগর উপজেলা আমির খান জাহান আলী, পেশাজীবী সংগঠনের সভাপতি আল আমিন হোসেন, কাজীপুর ইউনিয়নের চেয়ারম্যান আলম

মেহেরপুরে ৪ গ্রাম হেরোইনসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুরে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের মাদকবিরোধী অভিযানে ৪ গ্রাম হেরোইনসহ সাইদুর রহমান (৪৯) নামে এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে।

রবিবার সকালে মেহেরপুর শহরের সোনালী ব্যাংকের সামনে থেকে তাকে আটক করা হয়। গ্রেফতার সাইদুর রহমান মেহেরপুর শহরের বোসপাড়ার মৃত মোসলেম আলীর ছেলে।

পুলিশ সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর ডিবির এসআই সঞ্জয়ের নেতৃত্বে একটি দল শহরের সোনালী ব্যাংকের সামনে অবস্থান নেয়। এ সময় সন্দেহভাজন হিসেবে সাইদুর রহমানের অটোরিকশা থামিয়ে তল্লাশি চালানো হয়। তল্লাশিকালে তার কাছ থেকে ৪ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। পুলিশ জানিয়েছে, গ্রেফতারকৃতকে আদালতে সোপর্দ করা হবে।

গাংনীতে মোবাইলের দোকানে দুর্ধর্ষ চুরি, ক্ষতির পরিমাণ প্রায় ১৮ লক্ষ

রাতের আধারে বামন্দী বাজারের ব্যাংক এলাকা হিসেবে পরিচিত বিশ্বাস টাওয়ারে অবস্থিত আর এস টেলিকম নামের একটি মোবাইল দোকানে

দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে।

এ সময় চোরের দল দোকান থেকে বিভিন্ন ব্র্যান্ডের মোবাইল ফোন, মূল্যবান মালামাল, বিকাশের এজেন্ট মোবাইল ও নগদ আড়াই লক্ষ টাকাসহ প্রায় ১৫ লক্ষ টাকার মোবাইল নিয়ে গেছে।

গতকাল শনিবার (২১ ফেব্রুয়ারি) রাতের কোনো এক সময় জেলার গাংনী উপজেলার বামন্দী বাজার এলাকার জনতা ব্যাংকের সামনে অবস্থিত আর এস টেলিকমে ঘটনাটি ঘটে। আজ রবিবার সকালে দোকান মালিক বিদ্যুৎ হোসেন দোকান খুলতে এসে চুরির বিষয়টি জানতে পারেন।

দোকান মালিক বিদ্যুৎ হোসেন বলেন, “আমি গতকাল রাত আটটার দিকে দোকান বন্ধ করে বাড়ি চলে যাই। সকাল নয়টার সময় দোকান খুলতে এসে দেখি দোকানের তালা খোলা। ভেতরে গিয়ে দেখি র্যাকে থাকা প্রায় ১৫ লক্ষ টাকার মোবাইল ফোন, ক্যাশে থাকা নগদ আড়াই লক্ষ টাকা, বিকাশের এজেন্ট মোবাইলসহ অন্যান্য মালামাল চুরি হয়ে গেছে।”

তিনি আরও জানান, পরে তিনি বাজার কমিটির সভাপতি ও পুলিশকে বিষয়টি অবগত করেন।

বামন্দী বাজার কমিটির সভাপতি আব্দুল আওয়াল বিশ্বাস বলেন, “মেহেরপুর জেলার বাণিজ্যিক শহর হিসেবে পরিচিত বামন্দী বাজার। এই মোবাইল দোকানটির চারপাশে সরকারি-বেসরকারি মিলিয়ে নয়টি ব্যাংক রয়েছে। তাদের সকলের নিজস্ব নিরাপত্তা ব্যবস্থা আছে। এমন একটি নিরাপত্তা বলয়ের মধ্যে দোকানে চুরি হওয়া খুবই হতাশা ও আতঙ্কের বিষয়। চোরচক্র ধরা না পড়লে ব্যবসায়ীরা আতঙ্কের মধ্যে থাকবে।”

গাংনী থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার বলেন, “পুলিশ সংবাদ পেয়ে ঘটনাস্থলে এসে সকাল থেকেই তদন্ত শুরু করেছে। অপরাধীদের ধরতে পুলিশ মাঠে কাজ করছে।”

এক পরিবারের দুজনসহ নিহত ৭

কুষ্টিয়ায় গ্যাসবাহী লরির সঙ্গে সিএনজিচালিত অটোরিকশার ধাক্কা লেগে পাঁচজন নিহত হয়েছেন। গতকাল শনিবার বেলা দেড়টার দিকে

কুষ্টিয়া বাইপাস সড়কে এ দুর্ঘটনা ঘটে।

নিহত ব্যক্তিরা হলেন কুষ্টিয়া সদর উপজেলার খাজানগর গ্রামের মৃত সিরাজুল ইসলামের দুই স্ত্রী আমেনা খাতুন (৭৫) ও কমেলা খাতুন (৭০), আমেনার জামাতা রাজশাহীর বাঘা উপজেলার চক রাজাপুর গ্রামের জাকারিয়া এবং খাজানগর এলাকার আশরাফুল ইসলাম ও তাঁর স্ত্রী শিরিন খাতুন।পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, আজ বেলা দেড়টার দিকে একটি সিএনজিচালিত অটোরিকশা বাইপাস সড়ক ধরে বটতৈল এলাকায় যাচ্ছিল। এ সময় বিপরীত দিক থেকে একটি গ্যাসবাহী লরি পাবনার দিকে যাচ্ছিল। একপর্যায়ে কুষ্টিয়া স্টোর পাম্পের সামনে নিয়ন্ত্রণ হারান অটোরিকশার চালক। এতে অটোরিকশাটি উল্টে গিয়ে লরির সঙ্গে ধাক্কা লাগে এবং অটোরিকশাটি দুমড়ে–মুচড়ে যায়। এতে অটোরিকশায় থাকা পাঁচজনের মধ্যে ঘটনাস্থলে তিনজন মারা যান। অন্য দুজনকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালের জরুরি বিভাগে নিলে সেখানে তাঁদের মৃত ঘোষণা করেন চিকিৎসক।

আমেনা খাতুনের এক স্বজন প্রথম আলোকে বলেন, রাজশাহীর বাঘা উপজেলায় জাকারিয়ার মেয়ের বিয়ের আয়োজন ছিল। সেই আয়োজন শেষে নিজেই সিএনজি চালিয়ে পরিবারের অন্য সদস্যদের নিয়ে খাজানগর ফিরছিলেন। পথে এ দুর্ঘটনা ঘটে।

এদিকে দুর্ঘটনাটির খবর পেয়ে কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে যান জেলা প্রশাসক ইকবাল হোসেন। তিনি নিহত ব্যক্তিদের স্বজনদের সান্ত্বনা দেন। তাঁদের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়াই লাশ হস্তান্তর করা হয়।

চৌড়হাস হাইওয়ে থানার উপপরিদর্শক (এসআই) জয়দেব বলেন, দুর্ঘটনাকবলিত লরিটি জব্দ করা হয়েছে। তবে এর চালক ও সহকারী পালিয়ে গেছেন।ফলো করুন

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় পাঁচজন নিহত হওয়ার খবরে মর্গে যান এক স্বজন। সেখানে তাঁকে আহাজারি করতে দেখা যায়।

কুষ্টিয়ায় গ্যাসবাহী লরির সঙ্গে সিএনজিচালিত অটোরিকশার ধাক্কা লেগে পাঁচজন নিহত হয়েছেন। আজ শনিবার বেলা দেড়টার দিকে কুষ্টিয়া বাইপাস সড়কে এ দুর্ঘটনা ঘটে।

নিহত ব্যক্তিরা হলেন কুষ্টিয়া সদর উপজেলার খাজানগর গ্রামের মৃত সিরাজুল ইসলামের দুই স্ত্রী আমেনা খাতুন (৭৫) ও কমেলা খাতুন

(৭০), আমেনার জামাতা রাজশাহীর বাঘা উপজেলার চক রাজাপুর গ্রামের জাকারিয়া এবং খাজানগর এলাকার আশরাফুল ইসলাম ও তাঁর স্ত্রী শিরিন খাতুন।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, আজ বেলা দেড়টার দিকে একটি সিএনজিচালিত অটোরিকশা বাইপাস সড়ক ধরে বটতৈল এলাকায় যাচ্ছিল। এ সময় বিপরীত দিক থেকে একটি গ্যাসবাহী লরি পাবনার দিকে যাচ্ছিল। একপর্যায়ে কুষ্টিয়া স্টোর পাম্পের সামনে নিয়ন্ত্রণ হারান অটোরিকশার চালক। এতে অটোরিকশাটি উল্টে গিয়ে লরির সঙ্গে ধাক্কা লাগে এবং অটোরিকশাটি দুমড়ে–মুচড়ে যায়। এতে অটোরিকশায় থাকা পাঁচজনের মধ্যে ঘটনাস্থলে তিনজন মারা যান। অন্য দুজনকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালের জরুরি বিভাগে নিলে সেখানে তাঁদের মৃত ঘোষণা করেন চিকিৎসক।

আমেনা খাতুনের এক স্বজন বলেন, রাজশাহীর বাঘা উপজেলায় জাকারিয়ার মেয়ের বিয়ের আয়োজন ছিল। সেই আয়োজন শেষে নিজেই সিএনজি চালিয়ে পরিবারের অন্য সদস্যদের নিয়ে খাজানগর ফিরছিলেন। পথে এ দুর্ঘটনা ঘটে।

এদিকে দুর্ঘটনাটির খবর পেয়ে কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে যান জেলা প্রশাসক ইকবাল হোসেন। তিনি নিহত ব্যক্তিদের স্বজনদের সান্ত্বনা দেন। তাঁদের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় ময়নাতদন্ত ছাড়াই লাশ হস্তান্তর করা হয়।

চৌড়হাস হাইওয়ে থানার উপপরিদর্শক (এসআই) জয়দেব বলেন, দুর্ঘটনাকবলিত লরিটি জব্দ করা হয়েছে। তবে এর চালক ও সহকারী পালিয়ে গেছেন।

ঝিনাইদহ প্রতিনিধি জানান

ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় ট্রাকের ধাক্কায় শাহরিয়ার রহমান শান্ত এবং টোটন হোসেন নামে দুই যুবক নিহত হয়েছে।

গত শুক্রবার রাত ১১ টার দিকে ঝিনাইদহ শহরের পবহাটি কলার হাটের সামনে এ দুর্ঘটনা ঘটে।

শাহরিয়ার রহমান শান্ত (৩২) শহরের আরাপপুর পাড়ার দুখি মাহমুদ সড়কের শাহিনের ছেলে এবং টোটন ঝিনাইদহ পৌরছাত্রদলের যুগ্ম আহবায়ক এবং ব্যাপারী পাড়ার আব্দুস সাত্তারের ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানান, আরাপপুর বাসস্ট্যান্ড থেকে ছেড়ে আসা একটি মোটরসাইকেলে শান্ত এবং টোটন টার্মিনালের দিকে যাচ্ছিলেন এসময় অপরদিক থেকে ছেড়ে আসা একটি ট্রাকের সাতে তাদের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে মোটর সাইকেল চালক গুরতর আঘাত প্রাপ্ত হয়ে দুর্ঘটনা স্থলেই মৃত্যু বরণ করে এবং মোটর সাইকেলের আরহী টোটনকে দ্রুত ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয় এরপর পর টোটনকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় রেফার্ড করা হয়। পরে শনিবার ভোর ৪ টার দিকে চিকিৎসাধীন অবস্থায় টোটনের মৃত্যু হয়।

ঝিনাইদহ হাইওয়ে থানার ওসি মৃত্যুঞ্জয় বিশ্বাস দুর্ঘটনায় মৃত্যুর খবর নিশ্চিত করেন। টোটন ও শান্তর মৃত্যুতে ঝিনাইদহ জেলা ছাত্র দলের সভাপতি সোমেনুজ্জামান সোমেন শোক প্রকাশ করেছেন। নিহত দুই পরিবারে চলছে শোকের মাতম।

শহীদ মিনারে শ্রদ্ধা জানায়নি কুতুবপুর স্কুল এন্ড কলেজ, এলাকাবাসীর ক্ষোভ

সরকারি নির্দেশনাকে তোয়াক্কা না করে মেহেরপুরের গাংনী উপজেলার ঐতিহ্যবাহী কুতুবপুর স্কুল এন্ড কলেজে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত না হওয়ার অভিযোগ উঠেছে। ২১শে ফেব্রুয়ারি সারাদেশে যথাযোগ্য মর্যাদায় ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হলেও এই শিক্ষা প্রতিষ্ঠানে কোনো পুষ্পমাল্য অর্পণ করেননি ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাফিজুল ইসলাম। এতে স্থানীয় এলাকাবাসী, অভিভাবক ও শিক্ষার্থীদের মধ্যে তীব্র ক্ষোভ ও অসন্তোষ সৃষ্টি হয়েছে।

গতকাল শনিবার সকালে সরেজমিনে গিয়ে দেখা যায়, কলেজের শহীদ মিনারটি অপরিষ্কার অবস্থায় পড়ে আছে। দিবসটি উপলক্ষে কোনো পুষ্পস্তবক অর্পণ করা হয়নি। স্থানীয়দের অভিযোগ, ভারপ্রাপ্ত অধ্যক্ষের অবহেলা ও অবজ্ঞার কারণে এবার কোনো কর্মসূচি পালন করা হয়নি। এমনকি শিক্ষার্থীদের নিয়ে দিবসটির তাৎপর্য তুলে ধরতে কোনো

আলোচনা সভারও আয়োজন করা হয়নি। ফলে নতুন প্রজন্ম মহান ভাষা আন্দোলনের সঠিক ইতিহাস জানা থেকে বঞ্চিত হচ্ছে বলে মনে করছেন সচেতন মহল।

নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষার্থী আক্ষেপ করে বলে, আমাদের প্রতিষ্ঠানে প্রতিবছর শ্রদ্ধা নিবেদন করা হলেও এবার ভারপ্রাপ্ত অধ্যক্ষের কারণে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করা হয়নি। শহীদদের প্রতি এমন অবজ্ঞা আমাদের মর্মাহত করেছে।

এ বিষয়ে কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাফিজুল ইসলাম পুষ্পমাল্য অর্পণ না করার বিষয়টি স্বীকার করে বলেন, সরকারি নির্দেশনা অনুযায়ী আমরা দোয়া মাহফিল করেছি। তবে শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করা হয়নি, বিষয়টি ভুল হয়েছে। তবে স্থানীয়দের দাবি, দোয়া ও মোনাজাতও ছিল নামমাত্র ও দায়সারা।

গাংনী উপজেলা ভারপ্রাপ্ত মাধ্যমিক শিক্ষা অফিসার মো. মনিরুল ইসলাম বলেন, মাতৃভাষা দিবস পালনের জন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানকে স্পষ্ট নির্দেশনা দেওয়া আছে। যদি কোনো প্রতিষ্ঠান এর ব্যত্যয় ঘটায় বা দিবস পালনে অনীহা দেখায়, তবে বিষয়টি খতিয়ে দেখে সত্যতা সাপেক্ষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

উল্লেখ্য যেঃ কুতুবপুর স্কুল এন্ড কলেজের (ভারপ্রাপ্ত) অধ্যক্ষ হাফিজুল ইসলাম দায়িত্ব নেওয়ার পর থেকে রামরাজত্ব শুরু করেছে ইচ্ছেমত প্রতিষ্ঠান পরিচালনা ও প্রতিষ্ঠানের আয় ব্যায়ের হিসেবেও রয়েছে অসচ্ছতা। এই প্রতিষ্ঠানের সকল অনিয়ম খতিয়ে দেখতে কর্তৃপক্ষের দৃষ্টি কামনা করেছে এলাকাবাসি।

মাতৃভাষা দিবসে মেহেরপুরে বিএনপির শ্রদ্ধাঞ্জলি

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে মেহেরপুরে বিএনপির শোভাযাত্রা ও শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করা হয়েছে।

আয়োজিত কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। এছাড়াও উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান সাইফুল ইসলাম, শফিকুল ইসলামসহ স্থানীয় নেতৃবৃন্দ।

কর্মসূচিতে বিএনপি, যুবদল, ছাত্রদল, মহিলাদল, স্বেচ্ছাসেবক দল, কৃষকদল, মৎস্যজীবী দল ও তাঁতীদলের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

মেহেরপুরে চল্লিশ বস্তা সার জব্দ, ৩০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরে অবৈধভাবে পরিবহনকালে ৪০ বস্তা সার জব্দ করা হয়েছে। মুজিবনগরের কেদারগঞ্জ বাজারে নেওয়ার পথে এসব সার আটক করা হয়।

এ ঘটনায় জড়িত থাকার দায়ে মেসার্স মোয়াজ্জেম হোসেনের প্রোপাইটার মনিরা নাজমার প্রতিনিধি রাশেদুল নামের এক ব্যক্তিকে ৩০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

শনিবার বিকেলে পুলিশ সুপারের বাসভবনের সামনে এ অভিযান পরিচালনা করা হয়। সহকারী কমিশনার (ভূমি) সুমাইয়া জাহান ঝুরকা ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

জানা যায়, মেহেরপুর থেকে মুজিবনগরের কেদারগঞ্জ বাজারের আলিয়াদ সারের দোকানে এসব সার সরবরাহ করা হচ্ছিল। গোপন সংবাদের ভিত্তিতে নির্বাহী ম্যাজিস্ট্রেট অভিযান চালান।

এ সময় ইঞ্জিনচালিত নছিমনে থাকা ৪০ বস্তা সার জব্দ করা হয়। জব্দকৃত সার কৃষকদের মাঝে ন্যায্যমূল্যে বিতরণের নির্দেশ দেওয়া হয়।

[redacted]

[redacted]

ছিলেন, এছাড়াও জেলা উপজেলার বিভিন্ন দলের রাজনৈতিক নেতৃবৃন্দ সহ হাজার হাজার জনগণ উক্ত জানা যায় অংশগ্রহণ করেন।

এর আগে খেলার মাঠেই রাষ্ট্রীয়ভাবে তার লাশের গার্ড অফ অনার প্রদান করা হয়। সরকারের পক্ষ থেকে তাকে ফুল দিয়ে শ্রদ্ধা জানানো হয় এবং সালাম প্রদর্শন করা হয়।

উল্লেখ্য, গতকাল শুক্রবার রাত এগারোটার দিকে ঢাকা স্কয়ার হসপিটালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন। মৃত্যুকালে তিনি এক সন্তান সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

গাংনীতে সড়ক থেকে হলুদ বোঝাই অটো ছিনতাই

মেহেরপুর গাংনী উপজেলার নওদা মটমুড়ার কাজলের ইটভাটার সামনের সড়কে চালক ও আরোহীকে গাছের সাথে বেধে রেখে হলুদ বোঝাই বযাটারি চালিত অটো ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। ঘটনাটি ঘটেছে আজ শনিবার আনুমানিক ভোর সাড়ে পাঁচটার দিকে।

স্থানীয়রা জানান,আজ ভোরে নওদামটমুড়া-বামন্দী আঞ্চলিক সড়কে কাজলের ইটভাটার সামনে একটি গাছের সাথে দুজনকে বাধা অবস্থায় দেখে পথচারীরা চরগোয়ালগ্রামের আনিচুর ও উজ্জ্বল হোসেনকে উদ্ধার করে।

পরে তাদের কাছ থেকে জানতে পারেন তাদের হলুদ বোঝাই ইজিবাইকটি ছিনতাই হয়েছে।

আনিচুর সাথে মোবাইলে কথা বলে জানা যায়,আজ ভোরে নিজ গ্রাম থেকে উজ্জ্বল হোসেনকে সাথে নিয়ে হলুদ বিক্রির জনয পাশ্ববর্তী উপজেলা আলমডাঙার উদ্দেশ্যে রওনা হন। পথিমধযে নওদামটমুড়ার কাজলের ইটভাটার সামনে পাঁচজন তাদের পথ রোধ করে। তাদের সড়কের পাশে থাকা একটি গাছে বেধে রাখে। এবং তাদের ইজিবাইক ও সাথে থাকা হলুদ নিয়ে চলে যায়। পরে তারা চিৎকার করলে পথচারীর ও স্থানীয়রা এসে তাদের উদ্ধার করে।

আনিচুরের স্ত্রী জানান,এই অটো চালিয়ে যা আয় হয় তাই দিয়ে সংসার চালাই। আমি স্বামী স্ট্রোকের রুগী অনয কোন কাজও করতে পারে না। আজ সকালে আলডাঙা যাওয়ার পথে গাছে বেধে রেখে অটো গাড়িটা ছিনতাই করে নিয়ে গেলো। এখন আমার সংসার চলবে কি করে?

মেহেরপুরে শহীদ মিনারগুলোতে জনতার ঢল

মেহেরপুরে একুশের প্রথম প্রহরে গভীর শ্রদ্ধা ও ভালোবাসায় জাতির শ্রেষ্ঠ সন্তানদের আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়েছে।

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রথম প্রহরে রাত ১২টা ১ মিনিটে মেহেরপুর কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন সর্বস্তরের মানুষ।

এ সময় নেপথ্যে বাজছিল অমর একুশের কালজয়ী গান ‘আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি’। পাশাপাশি মাইক্রোফোনে ভাষা আন্দোলনের ইতিহাস তুলে ধরেন কর্মরত ব্যক্তিরা।

রাত ১২টা ১ মিনিট থেকে মেহেরপুর জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবীর, পুলিশ সুপার উজ্জ্বল কুমারসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও পেশাজীবী সংগঠনের নেতারা শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

পরে প্রেসক্লাবসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতাকর্মীরা পুষ্পস্তবক নিয়ে দীর্ঘ লাইনে দাঁড়িয়ে জাতির শ্রেষ্ঠ সন্তান ভাষাশহীদদের প্রতি শ্রদ্ধা জানান।

এদিকে দিনটি উপলক্ষে গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাবিদ হোসেন।

পরে গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের পক্ষে ভারপ্রাপ্ত কমান্ডার আনোয়ার হোসেন, মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের আহ্বায়ক সামসুল আলম সোনা, গাংনী থানার পক্ষে ওসি উত্তম কুমার

দাস ও ওসি (তদন্ত) আব্দুল্লাহ আল মামুন, গাংনী কৃষি অফিসের পক্ষে ভারপ্রাপ্ত কৃষি অফিসার মতিয়র রহমান, গাংনী পৌরসভার পক্ষে প্রশাসক আনোয়ার হোসেন, উপজেলা স্বাস্থ্য বিভাগের পক্ষে, পল্লী বিদ্যুৎ, ফায়ার সার্ভিস, আনসার ভিডিপিসহ বিভিন্ন সংগঠন পুষ্পস্তবক অর্পণ করেন। পরে শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়।